# বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন

চিনিশিল্প ভবন, ৩ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

## ২০১৭ সালের সেপ্টেম্বর মাসের কার্যসম্পাদনের পর্যালোচনা

১। ক) উৎপাদনঃ

বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশনের অধীন ১৫ টি চিনিকলে ২০১৭-২০১৮ মাড়াই মৌসুমে ১৩৫০০০০ মে.টন ইক্ষু মাড়াই করে ৭.৪৩% চিনি আহরণ হারে ১২১৫১৩ মে.টন চিনি উংপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। করপোরেশনের কারখানাগুলোতে মাস-ওয়ারী পণ্য উৎপাদনের পরিসংখ্যান নিম্নরূপ:

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ উৎপাদনের পরিমাণ | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | চিটাগুড় (মে.টন) | স্পিরিট এন্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) | |
| জুলাই,২০১৭ | অমৌসুম | অমৌসুম | ৩৬৩২৩৩ | ৩৫.৬১ | |
| আগষ্ট,২০১৭ | অমৌসুম | অমৌসুম | ২৮৫১৮২ | ৩৫.৬১ | |
| সেপ্টেম্বর,২০১৭ | - | - | ৫৯১২৪৩ | ৫৩.০৬ | |
| অক্টোবর,২০১৭ | - | - | - | - | |
| নভেম্বর,২০১৭ | - | - | - | | |
| ডিসেম্বর,২০১৭ | - | - | - | - | |
| জানুয়ারী,২০১৮ | - | - | - | - | |
| ফেব্রুয়ারী,২০১৮ | - | - | - | - | |
| মার্চ,২০১৮ | - | - | - | - | |
| এপ্রিল,২০১৮ | - | - | - | - | |
| মে,২০১৮ | - | - | - | - | |
| জুন,২০১৮ | - | - | - | - | |
| মোট ঃ | | | ১২৩৯৬৫৮ | ১২৪.২৮ | |

খ) উৎপাদন (পরিমাণ):

চিনি: সেপ্টেম্বর, ২০১৭ মাস চিনি উৎপাদনের অমৌসুম।

মোলাসেস: সেপ্টেম্বর, ২০১৭ মাস মোলাসেস উৎপাদনের অমৌসুম।

স্পিরিট ও এলকোহল :

সেপ্টেম্বর, ২০১৭ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট ও এ্যালকোহল উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৫৯১২৪৩ প্রুফ লিটার উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ১৪২%। জুলাই, ২০১৭ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ১২৩৯৬৫৮ প্রুফ লিটার। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ১০২৯৫১৫ প্রুফ লিটার। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ২০% বেশি।

জোহরা ইয়াসমিন
উপব্যবস্থাপক
এম আই এস

আফরোজা ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (এম আই এস)

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

সেপ্টেম্বর, ২০১৭ মাসে রেনউইক,যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ১০০ মে.টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ৫৩.০৬ মে.টন উৎপাদিত হয় যা লক্ষ্যমাত্রার ৫৩%। জুলাই, ২০১৭ এ সময় পর্যন্ত উৎপাদন ১২৪.২৮ মে.টন। বাজার ও চিনিকলের যন্ত্রাংশের চাহিদার ভিত্তিতে ইঞ্জিনিয়ারিং পণ্যাদি উৎপাদন করা হয়। গত বছর এ সময় পর্যন্ত উৎপাদন ছিল ১০৩.৩৭ মে.টন। বর্তমান বছরের প্রকৃত উৎপাদন গত বছরের তুলনায় ২০% বেশি ।

উৎপাদন ব্যয় :

সেপ্টেম্বর, ২০১৭ মাসে করপোরেশনের অধীনস্থ প্রতিষ্ঠানসমুহে উৎপাদিত পণ্যের উৎপাদন ব্যয় ১৭২৪.৫২ লক্ষ টাকা। এ মাসে উৎপাদন ব্যয়ের লক্ষ্যমাত্রা ৯০৩.৯১ লক্ষ টাকা। জুলাই, ২০১৭ হতে এ সময় পর্যন্ত উৎপাদন ব্যয় ৪৮১৪.৮২ লক্ষ টাকা। গত বছর এ সময়ে উৎপাদন ব্যয় ৪১৩৭.৮৭ লক্ষ টাকার তুলনায় ১৬% বেশি।

২। বিক্রয় (পরিমাণ) :

চিনি :

সেপ্টেম্বর, ২০১৭ মাসে চিনিকলসমূহে ২০৫৫.৭৫ মে.টন চিনি বিক্রয় হয়। জুলাই, ২০১৭ হতে এ সময় পর্যন্ত চিনি বিক্রয়ের পরিমাণ ৬৩৯০.৮৪ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ১১৪৮৩.৯৫ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ৪৪.৩৫% কম।

মোলাসেস:

সেপ্টেম্বর, ২০১৭ মাসে চিনিকলসমূহে ৪২০৮.৮২ মে.টন মোলাসেস বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ২৫৪৭.৫৬ মে.টন মোলাসেস বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৬১%। জুলাই, ২০১৭ হতে এসময় পর্যন্ত বিক্রয় ১০০৮৮.০১ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত মোলাসেস বিক্রয় ছিল ৮৩৯১.২৭ মে.টন। বর্তমান বছরের এ মাসে প্রকৃত বিক্রয় গত বছরের তুলনায় ২০.২২% বেশি ।

স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার:

সেপ্টেম্বর, ২০১৭ মাসে কেরু ডিস্টিলারিতে ৪১৬৬৬৬.৬৭ প্রুফ লিটার স্পিরিট, এ্যালকোহল ও ফরেন লিকার বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ৩৩৪৮১৭ প্রুফ লিটার বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ৮০%। জুলাই, ২০১৭ হতে এ সময় পর্যন্ত বিক্রয় ১০৭৭৯৭৩ প্রুফ লিটার। গত বছর এসময়ে বিক্রয় ছিল ৮৯৩৯০৫.২৭ প্রুফ লিটার। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ২০.৫৯% বেশি।

ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি :

সেপ্টেম্বর, ২০১৭ মাসে রেনউইক, যজ্ঞেশ্বর অ্যান্ড কোম্পানিতে ১০০ মে. টন ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ১১৭.৩৪ মে. টন বিক্রয় হয় যা লক্ষ্যমাত্রার ১১৭%। জুলাই, ২০১৭ হতে এ সময় পর্যন্ত বিক্রয় ১৫৮.০৬ মে.টন। গত বছর এ সময় পর্যন্ত বিক্রয় ছিল ৯৩.০৮ মে.টন। বর্তমান বছরে এ সময়ে প্রকৃত বিক্রয় গত বছরের বিক্রয়ের তুলনায় ৬৯.৮১% বেশি ।

বিক্রয়(মূল্য) :

সেপ্টেম্বর, ২০১৭ মাসে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে ২০৫৫.৭৫ মে. টন চিনি এবং অন্যান্য উৎপাদিত পণ্যাদি বিক্রয় বাবদ মোট ৩৮৭৫.৯৪ লক্ষ টাকা পাওয়া গিয়াছে যা এই মাসের বিক্রয় মূল্যের লক্ষ্যমাত্রা ৪৪৫৪.৭৬ লক্ষ টাকার ৮৭%। জুলাই, ২০১৭ হতে এ সময় পর্যন্ত মোট বিক্রয় মূল্য ১১৯৩৬.৮১ লক্ষ টাকা যা বিগত বছরের একই সময়ে বিক্রয় মূল্য ১২১১৭.৮২ লক্ষ টাকার ১% কম। পণ্যভিত্তিক ও কারখানাভিত্তিক বিক্রয়ের পরিসংখ্যান ১১-১৬ নম্বর পৃষ্ঠায় এনেক্সার-২/এ ও ২/বি তে সংযুক্ত করা হল।

জোহরা ইয়াসমিন
উপব্যবস্থাপক
এম আই এস

২১/০৮/২০১৮
আফরোজা ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (এম আই এস)

করপোরেশনের মাসওয়ারী প্রকৃত বিপণনের একটি পরিসংখ্যান নিম্নে দেওয়া হল :

| মাসের নাম | পণ্যের নাম ও এককসহ প্রকৃত বিপণনের পরিমাণ | | | | |
|---|---|---|---|---|---|
| | চিনি (মেঃটন) | | চিটাগুড় (মে.টন) | স্পিরিট অ্যান্ড এ্যালকোহল (প্রুফ লিটার) | ইঞ্জিনিয়ারিং পণ্য (মে.টন) |
| | নিজস্ব উৎপাদিত | আমদানিকৃত | | | |
| জুলাই,২০১৭ | ১৯৫৯.১১ | - | ৩৫৪৭.০৬ | ৩২০৫৯৮ | ২০.৩৬ |
| আগষ্ট,২০১৭ | ২৩৭৫.৯৮ | - | ৩৯৯৩.৪০ | ৪২২৫৫৮ | ২০.৩৬ |
| সেপ্টেম্বর,২০১৭ | ২০৫৫.৭৫ | - | ২৫৪৭.৫৬ | ৩৩৪৮১৭ | ১১৭.৩৪ |
| অক্টোবর,২০১৭ | - | - | - | - | - |
| নভেম্বর,২০১৭ | - | - | - | - | - |
| ডিসেম্বর,২০১৭ | - | - | - | - | - |
| জানুয়ারী,২০১৮ | - | - | - | - | - |
| ফেব্রুয়ারী,২০১৮ | - | - | - | - | - |
| মার্চ,২০১৮ | - | - | - | - | - |
| এপ্রিল,২০১৮ | - | - | - | - | - |
| মে,২০১৮ | - | - | - | - | - |
| জুন,২০১৮ | - | - | - | - | - |
| মোট ঃ | ৬৩৯০.৮৪ | - | ১০০৮৮.০১ | ১০৭৭৯৭৩ | ১৫৮.০৬ |

৩। **উৎপাদিত দ্রব্যাদির মজুদ :**

সেপ্টেম্বর, ২০১৭ মাসের শেষে চিনিকলসমূহে ৪০৪৬৯.২০ মে.টন চিনি মজুদ রয়েছে। গত বছর এই মাসে চিনি মজুদের পরিমাণ ছিল ৫৪০০৬.১০ মে.টন। আলোচ্য মাস পর্যন্ত বিভিন্ন শিল্প কারখানায় উৎপাদিত পণ্যাদি ও চিনির মজুদ মূল্য দাঁড়ায় ৩০২৮০.৭৯ লক্ষ টাকা যা গত বছরের এ সময়ের মজুদ মূল্য ৩৯১৭৬.০৫ লক্ষ টাকার তুলনায় ২২.৭১% কম। কারখানাভিত্তিক মজুদ বিবরণী ১৭-১৮ নং পৃষ্ঠায় এনেক্সার ৩ এ সংযুক্ত করা হল।

৪। **উৎপাদন সহায়ক মালামালের মজুদ :**

সেপ্টেম্বর, ২০১৭ মাসের শেষে করপোরেশনের শিল্প প্রতিষ্ঠানসমূহে উৎপাদন সহায়ক মালামালের মজুদ মূল্য দাঁড়ায় ১৮৪২.৭১ লক্ষ টাকা যাহা বিগত বছর এই মাসের শেষে মজুদ মূল্য ২২০০.৪৭ লক্ষ টাকার তুলনায় ১৬% কম। উৎপাদন সহায়ক মালামালের বিবরণী ১৯-২১ পৃষ্ঠায় এনেক্সার-৪এ সংযুক্ত করা হল।

৫। **শুল্ক ও কর প্রদান :**

করপোরেশনের সদর দপ্তর ও অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহে হতে সেপ্টেম্বর, ২০১৭ মাসে ভ্যাট ও অন্যান্য কর বাবদ ৬৩৯.৮৪ লক্ষ টাকা (ভ্যাট ৬৩১.৬৩ লক্ষ টাকা এবং অন্যান্য কর ৮.২১ লক্ষ টাকা) প্রদান করা হয়। জুলাই, ২০১৭ হতে এ সময় পর্যন্ত ভ্যাট ও অন্যান্য কর বাবদ মোট ২০৩১.২৬ লক্ষ টাকা প্রদান করা হয়।

--------------

জোহরা ইয়াসমিন
উপব্যবস্থাপক
এম আই এস

২৮/০৯/২০১৮
আফরোজা ইসলাম
উপ-মহাব্যবস্থাপক (এম আই এস)